



|| রাজশাহী: আদিবাসী ছাত্র পরিষদের সম্মেলন উদ্বোধনে পরিবার নগরীতে পোতাঘারা বের হয়

আদিবাসী ছাত্র পরিষদের তৃতীয় জাতীয় সম্মেলন শুরু

■ রাজশাহী ব্যুরো
'শুভ্রের ধনুকে দাও শুভ্রের টান' স্লোগানকে সামনে রেখে আদিবাসী ছাত্র পরিষদের দু'দিনব্যাপী তৃতীয় জাতীয় সম্মেলন শুরু হয়েছে। পরিবার নগরীর মিয়াপাড়ায় অবস্থিত পাবলিক লাইব্রেরিতে এ সম্মেলনের উদ্বোধন করেন রাজশাহী বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য চৌধুরী সারওয়ার জাহান।

সম্মেলনে আদিবাসী ছাত্র পরিষদের পক্ষ থেকে ১২ দফা দাবি পেশ করা হয়। দাবিতলোর মধ্যে রয়েছে- আদিবাসীদের মাতৃভাষায় প্রাথমিক শিক্ষা চালু করতে হবে; পাবলিক বিশ্ববিদ্যালয় ও কলেজে আদিবাসীদের জন্য শতকরা ৫ ভাগ কোটা সংরক্ষণ; সরকারি চাকরিতে শতকরা ৫ ভাগ কোটা সংরক্ষণ; ক্ষুদ্র নৃগোষ্ঠী নয়, আদিবাসীদের 'আদিবাসী' হিসেবে সাংবিধানিক স্বীকৃতি দিতে হবে; আদিবাসীদের জীবন-সংগ্রাম ও ঐতিহ্যকে পাঠ্যপুঁজিতে অন্তর্ভুক্ত করতে হবে।

সভায় সভাপতিত্ব করেন আদিবাসী ছাত্র পরিষদের সভাপতি উপেন রবিদাস। বিশেষ অতিথি ছিলেন জাতীয় আদিবাসী পরিষদের সভাপতি রবীন্দ্রনাথ সরেন। বক্তব্য রাখেন পরিষদের সাধারণ সম্পাদক সবিনচন্দ্র মুণ্ডা ও যুব পরিষদ সভাপতি হরেন্দ্রনাথ সিং ওয়ার্কার্স পার্টি রাজশাহী মহানগর সভাপতি নিয়াকত জামী লিকু, সাধারণ সম্পাদক দেবানীষ প্রামাণিক দেবু এবং পাহাড়ি ছাত্র পরিষদের সাধারণ সম্পাদক জ্যোতিষ্মান চাকমা।